

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## **Press Release**

**08 March 2012**

### **Potentials to expand trade volume need to be tapped- Ambassador Akramul Qader at Asia Society Diplomatic Dialogue**

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader addressed a group of scholars, officials and business representatives associated with the Asia Society and stressed broader economic ties between the two democracies. He recollected that during Bangladesh's war of liberation in 1971, huge number of senior US politicians, scholars as well as the US people supported Bangladesh's cause and subsequently contributed to closer ties between the two countries.

Referring to the US economic aid to Bangladesh which amounts to roughly \$5 billion since Bangladesh's independence, Ambassador Qader stressed that a duty free and quota free access of Bangladesh's ready to wear garments to USA would greatly obviate Bangladesh's need for foreign assistance. He urged upon the US Congress to allow Bangladesh a zero tariff market access in apparels trade as has been given to the African LDCs under the African Growth and Opportunities Act (AGOA). Ambassador Qader mentioned that Bangladesh solicits US support in enhancing skill of the overseas job seekers, improving healthcare, adapting with the challenges of global climate change among others.

Mr. Matthew Shannon Stumpf, Asia Society's Washington Office Director delivered the opening remarks at the dialogue which was also attended by the Embassy officials and Asia society members and fellows.

---

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

০৮ মার্চ ২০১২

যুক্তরাষ্ট্র-বাংলাদেশ বাণিজ্য সম্ভাবনা বাস্তবায়নের প্রয়োজনীয়তা রয়েছে : এশিয়া সোসাইটির কূটনৈতিক সংলাপে  
রাষ্ট্রদূত আকরামুল কাদের

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের গতকাল (৭ মার্চ ২০১২) গবেষণা প্রতিষ্ঠান এশিয়া সোসাইটির সংশ্লিষ্ট গবেষক, উর্ধ্বতন কর্মকর্তা ও ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে এক কূটনৈতিক সংলাপে অংশ নেন। সংলাপের শুরুতে তিনি বলেন যে, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় বিপুল সংখ্যক মার্কিন রাজনীতিক ও শিক্ষাবিদ বাংলাদেশের মুক্তিকামী জনগণের পাশে দাঁড়িয়েছিল। দুই গণতান্ত্রিক দেশের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ক্রমবিকাশে তাদের বিশেষ অবদান রয়েছে।

বাংলাদেশের স্বাধীনতার পর থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট থেকে প্রাপ্ত বৈদেশিক সাহায্যের (আনুমানিক পাঁচ বিলিয়ন মার্কিন ডলার) প্রসংগ উল্লেখ করে রাষ্ট্রদূত কাদের বলেন যে, মার্কিন বাজারে বাংলাদেশের তৈরী পোশাক সামগ্রীর গুণমুক্ত প্রবেশাধিকার নিশ্চিত করা হলে বাংলাদেশের রপ্তানীর পরিমাণ ব্যাপকভাবে বৃদ্ধি পাবে এবং বৈদেশিক সাহায্যের প্রয়োজন অনেক কমে আসবে। এর ফলে ব্যাপক পরিমাণ নারী শ্রমিকের কর্মসংস্থান হবে এবং নারী নেতৃত্ব বিকশিত হবে। রাষ্ট্রদূত কাদের আফ্রিকার স্বল্পোন্নত দেশগুলোর মতো বাংলাদেশকেও তৈরী পোশাকশিল্পে মার্কিন বাজারে গুণমুক্ত প্রবেশাধিকার দেয়ার জন্য মার্কিন কংগ্রেসম্যানদের সহায়তা কামনা করেন। বাংলাদেশের উন্নয়নে মার্কিন কারিগরী সহায়তার তাৎপর্য তুলে ধরে রাষ্ট্রদূত বলেন যে, বিদেশের বিভিন্ন কারখানায় চাকুরী প্রত্যাশী বাংলাদেশী নাগরিকদের দক্ষতা বৃদ্ধি, স্বাস্থ্যসেবা উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিসমূহ মোকাবেলাসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রের সহায়তা প্রত্যাশী।

সংলাপে অংশ নেন এশিয়া সোসাইটি এবং বাংলাদেশ দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এশিয়া সোসাইটির ওয়াশিংটনস্থ কার্যালয়ের পরিচালক জনাব মেথিউ শেনন স্টাম্ফ শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : [pressministerwash@yahoo.com](mailto:pressministerwash@yahoo.com)